দৈনিক ইনকিলাব

DEC. 29 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 3 ......

সংসদ সদস্যদের মাধ্যমে আগেরই দু'টি করে কম্পিউটার দেয়া হচ্ছে

# তিন বছরে ১০ হাজার স্কুলে সরকার কম্পিউটার সরবরাহ করবে

**এম, আবদুল্লাহ** ॥ জাতীয় সংসদের প্রতিটি নির্বাচনী এলাকার দু'টি করে মাধ্যমিক বিদ্যালয়ে সরকারীভাবে কম্পিউটার সরবরাহ করা হচ্ছে। আগামী অল্প কিছুদিনের মধ্যেই সংসদ সদস্যদের প্রদত্ত তালিকা অনুযায়ী কম্পিউটার সরবরাহ করা হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে চলতি অর্থবছরে দেশের এক হাজার মাধ্যমিক স্কুলে কম্পিউটার সরবরাহ করা হবে। নতুন প্রজন্মকে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তুলতে বর্তমান সরকার আগামী তিন বছরের মধ্যে দেশের দশ হাজার মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী শিক্ষিত বেকার যুবকদের কম্পিউটার ও আইটি প্রশিক্ষণের জন্য বিভাগীয় সদরে প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপনের কাজ শুরু হয়েছে। ইতিমধ্যেই ঢাকায় ও খুলনায় ইনস্টিটিউট চালু করা হয়েছে। আগামী ৩ জানুয়ারী বরিশালে প্রশিক্ষণ ইনস্টিটিউট উদ্বোধন করা হচ্ছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পক্ষ থেকে এসব কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে।

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

**স্কুলে কম্পিউটার** প্রথম পৃষ্ঠার পর

মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণ সহায়তা প্রকল্পের আওতায় বিতরণের জন্য জ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের স্টকে ৩৯১টি ম্পিউটার মজুদ রয়েছে। ১৪ নভেম্বর সদ সদস্যদের কাছে প্রেরিত এক পত্রে তিটি নির্বাচনী এলাকায় দুটি শিক্ষা তষ্ঠানের নাম চাওয়া হয়েছে। পাকা লান এবং বিদ্যুৎ সংযোগ আছে এমন ট মাধ্যমিক বিদ্যালয়ের নাম দিতে বলা য়েছে।

জ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী লুৎফর রহমান ় আজাদ ইনকিলাবকে জানান, অর্থবছরে ৩ কোটি টাকা ব্যয়ে ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণ য়তা প্রকল্পের কাজ শুরু হয়। ওই অর্থ কে ৩৯১টি কম্পিউটার সেট ক্রয় করা েছে।